# তৃতীয় সংস্করণের বিজ্ঞাপন

পরিব্রাজকের তৃতীয় সংস্করণ প্রকাশিত হইল। পাঠক ইহাতে পুস্তকের কলেবর প্রায় ২৬ পৃষ্ঠা বৰ্দ্ধিত দেখিয়া আশ্চর্য্য হইবেন সন্দেহ নাই। কারণ, তাঁহাদের সুপরিচিত পরিব্রাজক যে আজ নয় বৎসর হইল নরলোক পরিত্যাগ করিয়া স্বধামে প্রস্থান করিয়াছেন, এ কথা তাঁহাদের ভিতর কে না অবগত আছেন?—আবার কেই বা না জানেন যে, তিনি তাঁহার ভ্রমণ-কাহিনী অসম্পূর্ণ রাখিয়াই আমাদের নিকট হইতে চলিয়া গিয়াছেন? কিন্তু ঐরূপ হইলেও বিস্মিত হইবার কারণ নাই। আমরা উদ্বোধন পত্রিকার পাঠকবর্গকে ইতিপূর্ব্বেই জানাইয়াছি যে পরিব্রাজকের কাগজ-পত্র অনুসন্ধানের ফলে, আমরা তাঁহার অষ্ট্রিয়া হইতে তুর্কি হইয়া ইজিপ্ট প্রত্যাগমনাবধি ভ্রমণ-কাহিনী কতক সবিস্তারে এবং কতক 'ডায়েরি'র আকারে প্রাপ্ত হইয়াছি। তন্মধ্যে সর্ভিয়া, বুলগেরিয়া প্রভৃতি দেশের সবিস্তার বর্ণিতাংশটি বর্ত্তমান সংস্করণে পুস্তক মধ্যে সন্নিবেশিত এবং 'ডায়েরি'র নোটগুলি পরিশিষ্টের মধ্যে মুদ্রিত করা হইল। পুস্তকের ঐরূপে বৃদ্ধি-প্রাপ্তি হইলেও মূল্য পূর্ব্ববৎই রাখা হইল। ইতি—

১৩১৮

বশংবদ
প্রকাশক

হলো, ক্রমে কত রূপ বদল হলো, কত তার হলো, তাঁত হলো, ছড়ির নাম রূপ বদ্‌লাল, এসরাজ সারঙ্গি হলেন। কিন্তু এখনও কি গাড়োয়ান মিঞারা ঘোড়ার গাছকতক বালাঞ্চি নিয়ে একটা ভাঁড়ের মধ্যে বাঁশের চোঙ্গ বসিয়ে ক্যাঁকোঁ কো্রে, "মজওয়ার কাহারের" জাল বুনবার বৃত্তান্ত* জাহির করে না? মধ্যপ্রদেশে দেখগে, এখনও নিরেট চাকা গড় গড়িয়ে যাচ্চে! তবে সেটা নিরেট বুদ্ধির পরিচয় বটে, বিশেষ এ রবার-টায়ারের দিনে।

অনেক পুরাণকালের মানুষ অর্থাৎ সত্যযুগের, যখন আপামর সাধারণ এমনি সত্যনিষ্ঠ ছিলেন যে, পাছে ভেতরে একখান ও বাহিরে আর একখান হয় বোলে কাপড় পর্য্যন্ত পরতেন না। পাছে স্বার্থপরতা আসে বোলে বিবাহ করতেন না; এবং ভেদবুদ্ধিরহিত হয়ে কোঁৎকা লোড়া লুড়ির সহায়ে সর্ব্বদাই 'পরদ্রব্যেষু লোষ্ট্রবৎ' বোধ করতেন; তখন জলে বিচরণ করবার জন্য তাঁরা গাছের মাঝখানটা পুড়িয়ে ফেলে অথবা দু চার খানা গুঁড়ি একত্রে বেঁধে সালতি ভেলা ইত্যাদির সৃষ্টি

---

* "মজওয়ার কাহারওয়া জাল বিনুরে।
দিন্‌কো মারে মছলি রাতকো বিনু জাল।
এয়সা দিক্‌দারি কিয়া জিউকা জঞ্জাল॥"
ইত্যাদি গানটি গাড়োয়ানরা প্রায়ই গাহিয়া থাকে।

ফেল্‌লে। তারপর বিজয়সিংহ হলেন রাজা, দুষ্টুমির এইখানেই বড় অন্ত হলেন না। তারপর আর তাঁর বুনোর মেয়ে রাণী ভাল লাগ্‌ল না। তখন ভারতবর্ষ থেকে আরও লোকজন, আরও অনেক মেয়ে আনালেন। অনুরাধা বলে এক মেয়ে ত নিজে কল্‌লেন বিয়ে; আর সে বুনোর মেয়েকে জলাঞ্জলি দিলেন; সে জাতকে জাত নিপাত করতে লাগলেন। বেচারীরা প্রায় সব মারা গেল, কিছু অংশ ঝাড় জঙ্গলে আজও বাস কর্‌চে। এই রকম কোরে লঙ্কার নাম হল সিংহল, আর হল বাঙ্গালী বদমায়েসের উপনিবেশ! ক্রমে অশোক মহারাজার আমলে, তাঁর ছেলে মাহিন্দো, আর মেয়ে সংঘমিত্তা, সন্ন্যাস নিয়ে ধর্ম্ম প্রচার করতে সিংহল টাপুতে উপস্থিত হলেন। এঁরা গিয়ে দেখলেন যে, লোকগুলো বড়ই আদাড়ে হয়ে গিয়েচে।

সিংহলে বৌদ্ধ-ধর্ম্ম প্রচার

আজীবন পরিশ্রম কোরে, সেগুলোকে যথাসম্ভব সভ্য কর্‌লেন, উত্তম উত্তম নিয়ম কর্‌লেন; আর শাক্য-মুনির সম্প্রদায়ে আনলেন। দেখ্‌তে দেখ্‌তে সিলোনিরা বেজায় গোঁড়া বৌদ্ধ হয়ে উঠলো। লঙ্কাদ্বীপের মধ্যভাগে এক প্রকাণ্ড শহর বানালে, তাঁর নাম দিলে অনুরাধাপুরম্, এখনও সে শহরের ভগ্নাবশেষ দেখ্‌লে আক্কেল হায়রান হয়ে যায়। প্রকাণ্ড প্রকাণ্ড স্তূপ,

আম্নায়েরা নিজেদের বলে মহাযান; আর দক্ষিণী অর্থাৎ সিংহলী ব্রহ্ম শ্যামি প্রভৃতিদের বলে হীনযান। মহাযানওয়ালারা বুদ্ধের পূজা নামমাত্র করে; আসল পূজো তারাদেবীর, আর অবলোকিতেশ্বরের (জাপানি, চীনে ও কোরিয়ানরা বলে ক্বানয়ন্); আর হ্রীং ক্লীং তন্ত্র মন্ত্রের বড় ধুম। টিবেটীগুলো আসল শিবের ভূত। ওরা সব হিঁদুর দেবতা মানে, ডমরু বাজায়, মড়ার খুলি রাখে, সাধুর হাড়ের ভেঁপু বাজায়, মদ মাংসের যম। আর খালি মন্ত্র আওড়ে রোগ, ভূত, প্রেত তাড়াচ্চে। চীন আর জাপানে সব মন্দিরের গায়ে ওঁ হ্রীং ক্লীং—সব বড় বড় সোনালী অক্ষরে লেখা দেখেচি। সে অক্ষর বাঙ্গালার এত কাছাকাছি যে বেশ বোঝা যায়।

আলাসিঙ্গা কলম্বো থেকে মান্দ্রাজ ফিরে গেল। আমরাও কুমার স্বামীর (কার্ত্তিকের নাম—সুব্রহ্মণ্য, কুমার স্বামী ইত্যাদি; দক্ষিণ দেশে কার্ত্তিকের ভারি পূজো, ভারি মান; কার্ত্তিককে ওঁ-কারের অবতার বলে।) বাগানের নেবু, কতকগুলো ডাবের রাজা (কিং কোকোনাট), দু বোতল সরবৎ ইত্যাদি উপহার সহিত আবার জাহাজে উঠলাম।

পঁচিশে জুন প্রাতঃকাল জাহাজ কলম্বো ছাড়লো। এবার ভরা মনসুনের মধ্য দিয়া গমন। জাহাজ

জোর হাওয়া, প্রথম ষ্টেশনেই আমি আর মিঃ ম্যাঃ—নেবে গেলাম। সিদ্ধান্ত হল—ওপার, স্কুটারিতে গিয়ে সার পেয়র হিয়াসান্থের সঙ্গে দেখা করা। ভাষা না জানায়, বোটভাড়া ইঙ্গিতে করে পারে গমন ও গাড়ী ভাড়া। পথে সুফি ফকিরের তাকিয়া দর্শন,—এই ফকিরেরা লোকের রোগ ভাল করে। তার প্রথা এইরূপ,—প্রথম কল্‌মা পড়া ঝুঁকে ঝুঁকে, তারপর নৃত্য, তারপর ভাব, তারপর রোগ আরাম—( রোগীর শরীর ) মাড়িয়ে দিয়ে। পেয়র হিয়াসান্থের সঙ্গে আমেরিকান্ কলেজ সম্বন্ধীয় অনেক কথাবার্ত্তা। আরাবের দোকান ও বিদ্যার্থী টর্ক দর্শন। স্কুটারি হতে প্রত্যাবর্ত্তন। নৌকা খুঁজে পাওয়া—সে কিন্তু ঠিক জায়গায় যেতে না-পারক। যাহা হউক, যেখানে না[illegible]ন, সেইখান হতেই ট্রামে করে ঘরে ( স্তাম্বুলের হোটেলে ) ফেরা। মিউজিয়ম—স্তাম্বুলের যেখানে প্রাচীন অন্দরমহল ছিল, গ্রীক বাদসাদের—সেইখানেই প্রতিষ্ঠিত। অপূর্ব্ব Sarcophage ( শবদেহ রক্ষা করিবার প্রস্তর নির্ম্মিত আধার ) ইত্যাদি দর্শন। তোপখানার উপর হতে শহরের মনোহর দৃশ্য। অনেক দিন পরে এখানে ছোলাভাজা খেয়ে আনন্দ। তুর্কি পোলাও কাবাব ইত্যাদি এখনকার খাবার ভোজন। স্কুটারীর কবরখানা। প্রাচীন পাঁচিল দেখ্‌তে যাওয়া। পাঁচিলের

রক্ষা কর। তাতে তারা জবাব দেয় যে, ফৌজ হয়ে লড়ায়ে গিয়ে মুসলমান সিপাইদের সহিত একত্রে মলে ক্রীশ্চান সিপাইদের কবরের গোলমাল হবে। উত্তরে সুলতান বল্‌লেন যে, প্রত্যেক পল্টনে না হয় মোল্লা ও ক্রীশ্চান পাদ্রী থাকবে, এবং লড়ায়ে যখন ক্রীশ্চান ও মুসলমান ফৌজের শবদেহ-সকল একত্রে এক গাদায় কবরে পুঁত্‌তে বাধ্য হবে, তখন না হয় দুই ধর্ম্মের পাদ্রীই (funeral service) শ্রাদ্ধমন্ত্র পড়্‌ল; না হয় এক ধর্ম্মের লোকের আত্মা, বাড়ার ভাগ অন্য ধর্ম্মের শ্রাদ্ধমন্ত্রগুলো শুনে নিলে। ক্রীশ্চানরা রাজি হলো না—কাজেই তারা tax (টেক্স) দেয়। তাদের রাজি না হবার ভেতরের কারণ হচ্চে, ভয় যে, মুসলমানের সঙ্গে একত্রে বসবাস করে পাছে সব মুসলমান হয়ে যায়। বর্ত্তমান স্তাম্বুলের বাদসা বড়ই ক্লেশসহিষ্ণু—প্রাসাদে থিয়েটার ইত্যাদি আমোদ প্রমোদ পর্য্যন্ত সব কাজ নিজে বন্দোবস্ত করেন। পূর্ব্বস্থলতান্ মুরাদ বাস্তবিক নিতান্ত অকর্ম্মণ্য ছিল,—এ বাদসা অতি বুদ্ধিমান্। যে অবস্থায় ইনি রাজ্য পেয়েছিলেন, তা থেকে এত সাম্‌লে উঠেছেন যে আশ্চর্য্য! পার্লামেণ্ট হেথায় চলবে না।

গ্রীসে কলাবিদ্যার আবির্ভাব। অতি পূর্ব্ব অজ্ঞাতকাল হতে খৃঃ পূঃ ৭৭৬ বৎসর যাবৎ 'মিসেনি' শিল্পের কাল। এই 'মিসেনি' শিল্প প্রধানতঃ এসিয়া শিল্পের অনুকরণেই ব্যাপৃত ছিল। তারপর ৭৭৬ খৃঃ পূঃ কাল হতে ১৪৬ খৃঃ পূঃ পর্য্যন্ত 'হেলেনিক' বা যথার্থ গ্রীক শিল্পের সময়। দোরিয়ন জাতির দ্বারা আচেনি-সাম্রাজ্য ধ্বংসের পর ইউরোপ-খণ্ডস্থ ও দ্বীপপুঞ্জনিবাসী গ্রীকরা এসিয়াখণ্ডে বহু উপনিবেশ স্থাপন কর্‌লে। তাতে বাবিল ও ইজিপ্তের সহিত তাদের ঘোরতর সংঘর্ষ উপস্থিত হলো; তা হতেই গ্রীক আর্টের উৎপত্তি হয়ে ক্রমে এসিয়া শিল্পের ভাব ত্যাগ করে স্বভাবের যথাযথ অনুকরণ-চেষ্টা এখানকার শিল্পে জন্মিল। গ্রীক আর অন্য প্রদেশের শিল্পের তফাৎ এই যে, গ্রীক শিল্প প্রাকৃতিক স্বাভাবিক জীবনের যাথাতথ্য জীবন্ত ঘটনাসমূহ বর্ণনা কর্‌চে।

খৃঃ পূঃ ৭৭৬ হতে খৃঃ পূঃ ৪৭৫ পর্য্যন্ত 'আর্কেইক' গ্রীক শিল্পের কাল। এখনও মূর্ত্তিগুলি শক্ত (stiff)—জীবন্ত নয়। ঠোঁট অল্প খোলা, যেন সদাই হাস্‌ছে। এ বিষয়ে ঐগুলি ইজিপ্তের শিল্পিগঠিত মূর্ত্তির ন্যায়। সব মূর্ত্তিগুলি দু' পা সোজা করে খাড়া (কাঠ) হয়ে দাঁড়িয়ে আছে। চুল দাড়ি সমস্ত সরলরেখাকারে (regular lines) খোদিত; বস্ত্র সমস্ত মূর্ত্তির গায়ের সঙ্গে জড়ান—তালপাকান,—পতনশীল বস্ত্রের মত নয়।

